দৈনিক বাংলা

তারিখ ...30 SEP 1990...
পৃষ্ঠা... ২ ...কলাম...৩...

153

# কাল ডাকসু উদ্যোগে ছাত্র কনভেনশন

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

আগামীকাল সোমবার ডাকসুর উদ্যোগে ছাত্র কনভেনশন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সারাদেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলির নির্বাচিত ছাত্র সংসদ

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃঃ পর) **কাল ডাকসু উদ্যোগে**

নেতৃবৃন্দকে এই কনভেনশনে আমন্ত্রণ জানানোহয়েছে।

কনভেনশনে ডাকসুর পক্ষ থেকে বিভিন্ন ছাত্র সংগঠনকে আমন্ত্রণ জানানো হলেও এ ব্যাপারে তেমন অনুকূল সাড়া পাওয়া যায়নি। ডাকসু এবং ৯টি ছাত্র সংগঠনের মধ্যে কনভেনশন নিয়ে আনুষ্ঠানিক আলোচনা হয়। আলোচনায় ৯টি ছাত্র সংগঠন কনভেনশনের ব্যাপারে তেমন আগ্রহ দেখায়নি।

৯টি ছাত্র সংগঠনের একজন নেতা ছাত্র কনভেনশনের ব্যাপারে জানান, যদিও ডাকসু এই কনভেনশনের উদ্যোগ নিয়েছে তবুও এটা মূলত জাতীয়তাবাদী ছাত্রদলের কনভেনশন। বর্তমান ডাকসু নেতৃত্ব দলীয় গন্ডীর বাইরে ডাকসুর আলাদা কোন ভাবমূর্তি গড়ে তুলতে পারেননি। তাই এই কনভেনশনের ব্যাপারে ৯টি ছাত্র সংগঠন তেমন উৎসাহী নয়।

ছাত্রলীগের (হা-অ) সঙ্গে কনভেনশনের ব্যাপারে ডাকসুর কোন আলোচনা অনুষ্ঠিত হয়নি। তবে যেসব শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রলীগ (হা-অ) জিতেছে সেসব প্রতিষ্ঠানের নেতৃবৃন্দকে কনভেনশনে আমন্ত্রণ জানানো হয়েছে। ছাত্রলীগের (হা-অ) একজন নেতা জানিয়েছেন, বর্তমান ডাকসু'র সঙ্গে ছাত্রলীগের অনেক মৌলিক বিষয়েই দৃষ্টিভঙ্গিগত পার্থক্য রয়েছে। এসব বিষয় অমীমাংসিত রেখে ছাত্রলীগের পক্ষে এ কনভেনশনে যোগদান করা সম্ভব নয়।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, জাতীয় ছাত্রলীগসহ এই ধারার অন্যান্য ছাত্র সংগঠনও কনভেনশনের ব্যাপারে একই দৃষ্টিভঙ্গি পোষণ করে বলে জানা গেছে।

গত দুসপ্তাহে ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্রদলের দু'গ্রুপের সশস্ত্র সংঘর্ষও ছাত্র কনভেনশনের সাফল্যের ব্যাপারে ডাকসু নেতৃবৃন্দকে উদ্বিগ্ন করে তুলেছে। ছাত্রদলের দু'গ্রুপের এই সংঘর্ষকে কেন্দ্র করে ডাকসু নেতৃবৃন্দও দু'গ্রুপে বিভক্ত হয়ে পড়েন। তবে গত শুক্রবার এবং গতকাল শনিবার অনুষ্ঠিত ডাকসুর সভায় কনভেনশন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের ব্যাপারে দুপক্ষের মধ্যে মোটামুটি সমঝোতা হয়েছে বলে জানা গেছে। কনভেনশন থেকে ছাত্র আন্দোলনের একটি নতুন কর্মসূচী ঘোষণা করা হবে।